

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

**For Procurement of Goods**  
(Request for Quotation Method)

দরপত্র নং-১০/২০২৩-২৪



চাঁদপুর পঞ্চা বিদ্যুৎ সমিতি-২  
রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর।

“যানবাহন বীমা করণের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)”

প্রশাসন বিভাগ  
চাঁদপুর পঞ্চা বিদ্যুৎ সমিতি-২  
বাবুরহাট, চাঁদপুর।

*(Handwritten signature)*



## চাঁদপুর পল্লীবিদ্যুৎ সমিতি-২ বাবুরহাট, চাঁদপুর



যোগাযোগ:

ইমেইল: chandpurpbs2@gmail.com

ওয়েবসাইট: pbs2.chandpur.gov.bd

স্মারক নং: ২৭.১২.১৩২২.৫৭৮.০১.০৩৫.২৩. ৭০০

তারিখ: ১২ ভাদ্র ১৪৩০ বঃ  
২৭ আগস্ট ২০২৩ খ্রিঃ

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে যানবাহনের বীমা করণের জন্য দরপত্র আহবান (দরপত্র নং: ১০/২০২৩-২৪)।

- ১। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ০১টি জীপ গাড়ী, ০৬টি পিকআপ ও ৩৭টি মোটর সাইকেল এর বীমা করণের লক্ষ্যে সরকার নিবন্ধিত ও বাংলাদেশ স্টক এক্সচেঞ্জ প্রকৃত বীমা কোম্পানীর নিকট হতে লেটারহ্যাড প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছে।
- ২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
- ৩। এতদসঙ্গে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েবসাইট [pbs2.chandpur.gov.bd](http://pbs2.chandpur.gov.bd) হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে চাঁদপুর পবিস-২ হতে কোটেশন দলিল সংগ্রহপূর্বক দর দাখিল করা যাবে।
- ৪। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।
- ৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
- ৬। সীলমোহরকৃত খাম আগামী ০৩/০৯/২০২৩ খ্রি: তারিখ এবং সময়: দুপুর ১২:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে “যানবাহনে বীমাকরণের জন্য কোটেশন এবং আগামী ০৩/০৯/২০২৩ খ্রি: তারিখ এবং সময়: দুপুর ১২:০৫ এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
- ৭। প্রাপ্ত দরপত্রসমূহ ০৩/০৯/২০২৩ খ্রি: তারিখ দুপুর ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েবসাইট [pbs2.chandpur.gov.bd](http://pbs2.chandpur.gov.bd) এ দেখা যাবে।
- ৮। ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হবে না।
- ৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।
- ১০। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং: ৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।
- ১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহলে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
- ১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তি কালীন সময়ে স্থির অংকে থাকবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎস কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।
- ১৩। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বীমা অধিদপ্তরের বৈধ নিবন্ধন সনদ, বৈধ ট্রেড লাইসেন্স হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নম্বর এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে। দাখিলকৃত সকল কাগজপত্র ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে, এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
- ১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
- ১৫। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
- ১৬। কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে বীমা প্রিমিয়াম সম্পন্ন করতে হবে। কার্যাদেশের শর্তানুযায়ী নির্ধারিত সময়ে বীমার কাজ সম্পন্ন হওয়া সাপেক্ষে বিল দাখিলের পর নিয়মানুযায়ী একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করা হবে।

